# পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ
## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
## সিলেট-৩১০০

স্মারক নং- সিকৃবি/রেজিঃ/পো.গ্র্যা.স্টা.অ/এম.এস.ভ.বি.স.-৩৮/০৮/২৯৫ তারিখঃ ২৬-০৭-২০২৩

**জুলাই-ডিসেম্বর ২০২৩ সেমিস্টারে এমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

**জুলাই-ডিসেম্বর** ২০২৩ সেমিস্টারে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের **ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ** অন্তর্ভূক্ত এনাটমি অ্যান্ড হিস্টোলজি, ফিজিওলজি, ফার্মাকোলজি ও টক্সিকোলজি, মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি, এপিডেমিওলজি ও পাবলিক হেলথ, প্রাণী পুষ্টি, প্রাণিসম্পদ উৎপাদন ও ব্যবস্থাপনা, ডেয়রি বিজ্ঞান, পোল্ট্রি বিজ্ঞান, কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন, প্যারাসাইটোলজি, প্যাথলজি, মেডিসিন, সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগ, **কৃষি অনুষদ** অন্তর্ভূক্ত কৃষিতত্ত্ব ও হাওর কৃষি, মৃত্তিকা বিজ্ঞান, ফসল উদ্ভিদ বিজ্ঞান ও চা উৎপাদন প্রযুক্তি, উদ্যানতত্ত্ব, উদ্ভিদ রোগতত্ত্ব ও বীজ বিজ্ঞান, কীটতত্ত্ব, কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান, কৃষি রসায়ন, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন, কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগ, **মাৎস্যবিজ্ঞান অনুষদ** অন্তর্ভূক্ত মাৎস্যচাষ, মৎস্য জীববিদ্যা ও কৌলিতত্ত্ব, মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা, জলজ সম্পদ ব্যবস্থাপনা, মাৎস্য প্রযুক্তি ও মান নিয়ন্ত্রণ, উপকূলীয় ও সামুদ্রিক মাৎস্যবিজ্ঞান বিভাগ, **কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা** অনুষদ অন্তর্ভূক্ত কৃষি অর্থনীতি ও পলিসি, কৃষি বিপণন ও ব্যবসায় ব্যবস্থাপনা, গ্রামীণ সমাজবিজ্ঞান ও উন্নয়ন, কৃষি পরিসংখ্যান, কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং বিভাগ, **কৃষি প্রকৌশল ও প্রযুক্তি** অনুষদ অন্তর্ভূক্ত এগ্রিকালচারাল কনস্ট্রাকশন অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, কৃষি শক্তি ও যন্ত্র, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ এবং **বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং** অনুষদ অন্তর্ভূক্ত মলিকুলার বায়োলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং, প্ল্যান্ট ও এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি, এনিম্যাল ও ফিশ বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যালস্ ও ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি, মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি, বায়োকেমিস্ট্রি ও কেমিস্ট্রি বিভাগসহ উল্লেখিত বিভাগসমূহে তিন (০৩) সেমিস্টার (১৮ মাস) মেয়াদী এমএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ**

১। ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস, কৃষি, মাৎস্যবিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিভিএম, বিএসসি এজি.(অনার্স), বিএসসি ফিশারিজ (অনার্স), বিএসসি এজি.ইকন.(অনার্স), বিএসসি এগ্রিল.ইঞ্জি., বিএসসি বিজিই.(অনার্স) ডিগ্রিধারী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রিধারী হতে হবে।

২। ক্রেডিট কোর্স পদ্ধতিতে স্নাতক পাসকৃত শিক্ষার্থীদের সিজিপিএ **৪.০০ এর মধ্যে কমপক্ষে ২.৭৫** অথবা ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ অথবা বার্ষিক পদ্ধতিতে স্নাতক পাসকৃত শিক্ষার্থীদের ন্যূনপক্ষে ৫০% নম্বর এবং সংশ্লিষ্ট **বিষয়ে আলাদাভাবে** জিপিএ **৩.০০ অথবা ৩.৫০ অথবা** ৫৫% নম্বর থাকতে হবে।

৩। উল্লেখ্য যে, এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন, এগ্রিকালচারাল স্ট্যাটিসটিক্স ও রুরাল সোসিওলজি অ্যান্ড ডেভেলপমেন্ট বিভাগে এই বিশ্ববিদ্যালয় হতে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস, কৃষি, মাৎস্যবিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ হতে স্নাতক ডিগ্রিধারী অথবা অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিধারী এবং বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমেস্ট্রি বিভাগে এই বিশ্ববিদ্যালয় হতে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস, কৃষি, মাৎস্যবিজ্ঞান ও বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ হতে স্নাতক ডিগ্রিধারী অথবা অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রিতে অন্তত:পক্ষে ০৩ (তিন) ক্রেডিট ঘন্টা (বার্ষিক পদ্ধতিতে ১৫০ নম্বর) মানের সংশ্লিষ্ট পত্র বা কোর্সসমূহ অবশ্যই অধীত ও উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**অন্যান্য যোগ্যতা:**

১। চাকরিরত প্রার্থীদেরকে স্ব-স্ব নিয়োগ কর্তার নিকট থেকে অধ্যয়নকালীন ক্লাশে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পন্নের জন্য তিন সেমিস্টার (১৮ মাস) ব্যাপী ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ পূরণকৃত ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তির তারিখ হতে ০২ (দুই) মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী কোন প্রতিষ্ঠানে চাকরিরত কি না ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীর আবেদনপত্রে সুপারভাইজারের স্বাক্ষর বা সম্মতিপত্র নিয়ে ভর্তি হতে হবে।

৩। সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসিট, গ্রেডসিটের সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২ কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি জমা দিতে হবে।

৪। অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাসকৃত শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের এমএস কোর্সে ভর্তি হতে ইচ্ছুক হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে তার পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান হতে মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

**ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলী:**

১। বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখা হতে নির্ধারিত রশিদ পূরণ করত: **হিসাব নং-২০৩**, রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখায় নগদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা প্রদান করে উক্ত রশিদ রেজিস্ট্রার কার্যালয়ের **৩০৩ নং** কক্ষে জমাদান সাপেক্ষে **২৭-০৭-২০২৩ হতে ০৩-০৮-২০২৩** তারিখ পর্যন্ত ভর্তি ফরম সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত ভর্তি ফরম অবশ্যই ০৩-০৮-২০২৩ তারিখের মধ্যে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান বরাবরে জমা প্রদান করতে হবে।

২। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনপত্র বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক একাডেমিক কমিটির সুপারিশসহ আগামী ০৭-০৮-২০২৩ তারিখের মধ্যে **সচিব, পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদীয় কার্যনির্বাহী কমিটি ও রেজিস্ট্রার, সিকৃবি, সিলেট** বরাবর প্রেরণ করতে হবে।

৩। নির্বাচিত প্রার্থীগণকে আগামী **১৬ আগস্ট ২০২৩** তারিখ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

৪। ভুল তথ্য সম্বলিত, অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। সাধারণ নীতি হিসেবে এই বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় মাস্টার্স ডিগ্রির জন্য বিভিন্ন কোর্সে ভর্তির অনুমতি দেওয়া হবে না। কোন নির্দিষ্ট বিভাগে একবার এমএস কোর্সে ভর্তি হওয়ার পর কোন শিক্ষার্থী ডিগ্রি সম্পন্ন করিতে পারিলে কিংবা না পারিলেও অন্য কোন বিভাগে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে না। তবে কিছু ব্যতিক্রমী ক্ষেত্রে, সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে অ্যাডভান্সড স্টাডিজ বোর্ড (পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ) এই ধরনের ভর্তির ব্যাপারে বিশেষ ক্ষেত্রে প্রার্থিতার যৌক্তিকতা বিবেচনা করিতে পারিবে।

৬। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬.০৭.২৩
(মোঃ বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

# পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ
## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
## সিলেট-৩১০০

স্মারক নং- সিকৃবি/রেজিঃ/পো.গ্রা.স্টা.অ/এম.এস.ভ.বি.স.-৩৮/০৮/২৯৫(৬৩) তারিখঃ ২৬-০৭-২০২৩

**সদয় অবগতি ও অপর পৃষ্ঠায় সংযুক্ত ভর্তি বিজ্ঞপ্তিটি যথাযথ প্রচারের অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১-৬। ডিন, ভেটেরিনারি, এনিমেল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস/কৃষি/মাৎস্যবিজ্ঞান/কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা/কৃষি প্রকৌশল ও প্রযুক্তি/ বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিকৃবি, সিলেট।

৭-৫১। বিভাগীয় চেয়ারম্যান, এনাটমি অ্যান্ড হিস্টোলজি/ফিজিওলজি/ফার্মাকোলজি ও টক্সিকোলজি/মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি/এপিডেমিওলজি ও পাবলিক হেলথ/প্রাণী পুষ্টি/প্রাণিসম্পদ উৎপাদন ও ব্যবস্থাপনা/ডেয়রি বিজ্ঞান/পোল্ট্রি বিজ্ঞান/কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন/ প্যারাসাইটোলজি /প্যাথলজি /মেডিসিন/সার্জারি ও থেরিওজেনোলজি/কৃষিতত্ত্ব ও হাওর কৃষি/মৃত্তিকা বিজ্ঞান/ফসল উদ্ভিদ বিজ্ঞান ও চা উৎপাদন প্রযুক্তি/ উদ্যানতত্ত্ব/উদ্ভিদ রোগতত্ত্ব ও বীজ বিজ্ঞান/কীটতত্ত্ব/কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান/কৃষি রসায়ন/কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন/কৃষি সম্প্রসারণ শিক্ষা/মাৎস্যচাষ/মৎস্য জীববিদ্যা ও কৌলিতত্ত্ব/মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা/জলজ সম্পদ ব্যবস্থাপনা/মাৎস্য প্রযুক্তি ও মান নিয়ন্ত্রণ/উপকূলীয় ও সামুদ্রিক মাৎস্যবিজ্ঞান/কৃষি অর্থনীতি ও পলিসি/কৃষি বিপণন ও ব্যবসায় ব্যবস্থাপনা/গ্রামীণ সমাজবিজ্ঞান ও উন্নয়ন/কৃষি পরিসংখ্যান/কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং/এগ্রিকালচারাল কনস্ট্রাকশন অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি/কৃষি শক্তি ও যন্ত্র/সেচ ও পানি ব্যবস্থাপনা/মলিকুলার বায়োলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্ল্যান্ট ও এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি/এনিম্যাল ও ফিশ বায়োটেকনোলজি/ ফার্মাসিউটিক্যালস্ ও ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি/ মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি /বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি বিভাগ, সিকৃবি, সিলেট।

৫২। পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), সিকৃবি, সিলেট।

৫৩। পরীক্ষা নিয়ন্ত্রক, সিকৃবি, সিলেট।

৫৪। লাইব্রেরিয়ান, সিকৃবি, সিলেট।

৫৫। প্রক্টর, সিকৃবি, সিলেট।

৫৬। প্রভোস্ট, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/ আব্দুস সামাদ আজাদ হল/ শাহ এ.এম.এস. কিবরিয়া হল/ হুমায়ুন রশিদ চৌধুরী হল/হযরত শাহপরাণ (রহঃ)/ সুহাসিনী দাস/শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, সিকৃবি, সিলেট।

৫৭। পরিচালক (অর্থ ও হিসাব), সিকৃবি, সিলেট।

৫৮। চীফ মেডিকেল অফিসার, হেলথ কেয়ার সেন্টার, সিকৃবি, সিলেট।

৫৯। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) [আইসিটি সেল], সিকৃবি, সিলেট (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)।

৬০। ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিঃ, সিকৃবি শাখা, সিলেট।

৬১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর ও পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদীয় কার্যনির্বাহী কমিটির চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) সিকৃবি সিলেট।

৬২। সকল নোটিশ বোর্ড, সিকৃবি, সিলেট।

৬৩। অফিস কপি।

২৬.০৭.২০২৩

(মোঃ বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১০০।

# পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ
## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
## সিলেট-৩১০০

---

স্মারক নং:সিকৃবি/রেজিঃ/পো.গ্র্যা.স্টা.অ/এম.এস.ভ.বি.স.-৩৮/০৮/২৯৫ তারিখঃ ২৬-০৭-২০২৩

**জুলাই-ডিসেম্বর ২০২৩ সেমিস্টারে এমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

১। ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস, কৃষি, মাৎস্যবিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিভিএম, বিএসসি এজি. (অনার্স), বিএসসি ফিশারিজ (অনার্স), বিএসসি এজি.ইকন. (অনার্স), বিএসসি এগ্রিল.ইঞ্জি., বিএসসি বিজিই. (অনার্স) ডিগ্রিধারী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রিধারী হতে হবে।

২। ২৭-০৭-২০২৩ হতে ০৩-০৮-২০২৩ তারিখ পর্যন্ত ভর্তি ফরম সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত ভর্তি ফরম অবশ্যই ০৩-০৮-২০২৩ তারিখের মধ্যে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান বরাবরে জমা প্রদান করতে হবে।

বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশবোর্ড এবং www.sau.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

২৬/০৭/২৩

(মো. বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

# পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ
## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
## সিলেট-৩১০০

স্মারক নং- সিকৃবি/রেজিঃ/পো.গ্র্যা.স্টা.অ/এম.এস.ভ.বি.স.-৩৮/০৮/২৯৬ তারিখঃ ২৬-০৭-২০২৩

বরাবর
পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

**বিষয়ঃ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের জুলাই-ডিসেম্বর ২০২৩ সেমিস্টারে এমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) বিজ্ঞপ্তি আকারে প্রকাশ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের **জুলাই-ডিসেম্বর ২০২৩** সেমিস্টারে এমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তিটি (কপি সংযুক্ত) সর্বনিম্ন কলাম ইঞ্চি (২ কলাম ৪ ইঞ্চি) ব্যবহার করে একটি জাতীয় বাংলা দৈনিক "দৈনিক বাংলা " পত্রিকায় ও একটি জাতীয় ইংরেজি দৈনিক "The Daily New Nation" পত্রিকায় ০১(এক) বার করে বিজ্ঞপ্তি আকারে জরুরী ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

BL
২৬.০৭.২০২৩
(মোঃ বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
ও সচিব
পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদীয় কার্যনির্বাহী কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।